কুষ্টিয়ার খোকসাতে দুইপক্ষের সংঘর্ষ: আহত-৭

আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন কেন্দ্র করে কুষ্টিয়ার খোকসায় দুই পক্ষের সংঘর্ষে কমপক্ষে ৭জন আহত হয়েছে।

আজ বৃহস্পতিবার সকালে খোকসা উপজেলার আমবাড়িয়া ইউনিয়নের ধোকড়াকোল কলেজ মোড়ে সংসদ নির্বাচন কেন্দ্র করে নৌকা সমর্থক ও স্বতন্ত্র প্রার্থীর সমর্থকদের মধ্যে কথা কাটাকাটির একপর্যায়ে দেশীয় অস্ত্র নিয়ে দুই পক্ষই সংঘর্ষে লিপ্ত হয়।

উক্ত সংঘর্ষে স্বতন্ত্র প্রার্থীর পক্ষের আহত ব্যক্তিরা হলেন, ধোকড়া কোল গ্রামের মৃত কাজেম আলীর ছেলে মো. রবিউল ইসলাম (৫০)। মৃত জামাল হোসেনের ছেলে মো. জিকু হোসেন (৩২) জালাল হোসেনের ছেলে বিল্লাল হোসেন (৪০) মসলেম এর ছেলে মো. সালাম হোসেন (৪০) আমবাড়ীয়রা গ্রামের মৃত কোরবান আলীর ছেলে মো. চুন্নু প্রামানিক
(৩৫) ।

নৌকার প্রার্থীর পক্ষের আহতরা হলেন, ধোকড়াকোল গ্রামের মো. মজিবার রহমান এর ছেলে মো. আমিরুল ইসলাম (৩৫) আব্দুল বারেক শেখ এর ছেলে মো. হাসান আলী (২২) । আহতদেরকে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে এবং খোকসা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসা দেওয়া হচ্ছে। এ ঘটনায় এলাকায় উভয় পক্ষের মধ্যে উত্তেজনা বিরাজ করছে।

স্থানীয়দের বরাত দিয়ে খোকসা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা আননূর যায়েদ বলেন, সামান্য বিষয় নিয়ে কথা কাটাকাটির এক পর্যায়ে দুই পক্ষ সংঘর্ষে জড়িয়ে পড়ে। খবর পাওয়ার পর পরই পুলিশ গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রনে আনে। বর্তমানে এলাকায় শান্ত অবস্থায় বিরাজ করছে। এবিষয়ে থানায় লিখিত কোনো অভিযোগ দায়ের করেননি।

উল্লেখ্য, কুষ্টিয়া-৪(কুমারখালী-খোকসা) আসনে আওয়ামী লীগের মনোনিত প্রার্থী বর্তমান সংসদ সদস্য যুবলীগের প্রেসিডিয়াম সদস্য ব্যারিষ্টার সেলিম আলতাফ জর্জ। এবং আওয়ামী লীগ নেতা ও সাবেক সংসদ সদস্য আব্দুর রউফ আওয়ামী লীগের স্বতন্ত্র প্রার্থী হিসেবে নির্বাচনে অংশ নিচ্ছেন।

কুষ্টিয়ার বারুইপাড়া ইউনিয়নে শান্তি সমাবেশ অনুষ্ঠিত

বিএনপি জামাতের হরতাল অবরোধ ও নৈরাজ্যের বিরুদ্ধে মিরপুর উপজেলার বারুইপাড়া ইউনিয়ন আওয়ামী লীগের উদ্যোগে শান্তি সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার বিকেলে মশান বাজারে এই শান্তি সমাবেশে প্রধান বক্তার বক্তব্যে দেশসেরা উপজেলা পরিষদের চেয়ারম্যান, মিরপুর উপজেলা আওয়ামী লীগের সাধারন সম্পাদক ও কুষ্টিয়া-২ (মিরপুর-ভেড়ামারা) আসনের স্বতন্ত্র প্রার্থী জননেতা কামারুল আরেফীন বলেন, ১৯৭৩ সালের পরে এ আসনে কোন আওয়ামী লীগের এমপি ছিলোনা। যেখানে পাশের সংসদীয় আসনে বড় বড় মেগা প্রজেক্ট বাস্তবায়িত হচ্ছে, সেখানে হাসানুল হক ইনু এমপি নির্বাচিত হয়ে বিগত ১৫ বছরে তেমন কোন উন্নয়নমুলক কাজ করেননি, সংসদেও তেমন কোন উন্নয়নের কথা বলেননি। মিরপুর-ভেড়ামারাবাসী চিরকালই উন্নয়ন বঞ্চিত হয়েছে। তবে আমি যদি এমপি নির্বাচিত হই, তাহলে আমি মিরপুরে একটি কৃষি ইন্সটিটিউট অথবা কৃষি বিশ্ববিদ্যালয় গড়ে তুলবো।

মিরপুর-ভেড়ামারাবাসীর জন্য কিছু করতে চাই উল্লেখ করে তিনি বলেন, বিগত সময়ে এলাকার জনগন ভোট দিয়ে আমাকে ইউনিয়ন পরিষদ ও উপজেলা পরিষদের চেয়ারম্যান নির্বাচিত করেছিলো। নিষ্ঠার সাথে দায়িত্ব পালন করার চেষ্টা করেছি। আগামী দিনেও এলাকার মানুষের জন্য কাজ করবো।

কামারুল আরেফিন বলেন, বিএনপির নেতাকর্মীরা দেশে ভীতিকর পরিবেশ তৈরি করে জনগণের জান-মালের ক্ষতি করছে। তাদের সকল অপশক্তি প্রতিহত করতে শান্তি সমাবেশ অব্যাহত থাকবে। দেশের উন্নয়নে বাধা দিতে আসলে জনসাধারণ নির্বিঘ্নে জীবনযাপনের স্বার্থে তা কঠোর হাতে প্রতিহত করবে। এলাকায় শান্তি প্রতিষ্ঠার জন্য যা করার দরকার তাই করতে চাই। সাধারণ মানুষের নিরাপত্তা নিশ্চিতে রাজপথে নেমেছি, আছি, থাকবো ইনশাআল্লাহ।

শান্তি সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে মিরপুর উপজেলা আওয়ামী

লীগের সভাপতি অ্যাড. আব্দুল হালিম বলেন, ধার করা মাঝিকে না দিয়ে প্রকৃত নৌকার মাঝিকে ভোট দিয়ে সংসদে পাঠাবো। ২০০৮ সালের আগে ইনু সাহেব তিন বার এম নির্বাচন করেছিলেন। কিন্তু এমপি হতে পারে নি। পরে তিনি নৌকায় উঠে এমপি হয়েছিলেন। সংসদে মিরপুর-ভেড়ামারার কথা বলেন নি তিনি। এ আসনের উন্নয়ন করতে ব্যার্থ হয়েছে। তিনি বলেন, শান্তির লক্ষ্যে আমরা এই শান্তি সমাবেশ করছি। বারবার ঘুগু তুমি খেয়ে যাও ধান। সেটি আর এবার হতে দেওয়া হবে না। আমরা স্বতন্ত্র প্রার্থী হিসেবে কামারুল আরেফিন কে ভোট দিয়ে সংসদে পাঠাবো।

তিনি বলেন, নৌকার মাঝি জনগণ। সুতরাং জাসদ সভাপতি হয়ে এখনো আপনি নৌকায় উঠে এমপি হতে চান। আপনি তো সুবিধা নেন আওয়ামী লীগ থেকে। আগামী ৭ তারিখে জনগণের ভোটের মাধ্যমে রায় দেবে আপনি কোন সে জাতীয় নেতা।

বারুইপাড়া ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি ও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান শফিকুল ইসলাম মন্টুর সভাপতিত্বে এবং সাধারন সম্পাদক মোমিনুল হক মোমিনের পরিচালনায় উপস্থিত ছিলেন কেন্দ্রীয় আওয়ামী লীগের উপ-কমিটির সদস্য ও বাংলাদেশ ছাত্রলীগের সাবেক সহ সভাপতি সুরঞ্জন ঘোষ, উপজেলা আওয়ামীলীগের যুগ্ম-সাধারণ সম্পাদক রুহুল আলম হোসেন, প্রচার সম্পাদক বিএম জুবায়ের রিগ্যান, দপ্তর সম্পাদক রাশেদুজ্জামান ছন্দ, চিথলিয়া ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি ও চেয়ারম্যান এনামুল হক বাবলু, যুগ্ম-সাধারণ সম্পাদক সোহেল রানা,মিরপুর উপজেলা ছাত্র লীগের সভাপতি আসলাম আরেফিনসহ উপজেলা ও ইউনিয়ন আওয়ামী লীগের নেতাকর্মীবৃন্দ।

কুষ্টিয়াতে নারী বাতায়নের উদ্যোগে কারাবন্দীরা মাঝে শীতবস্ত্র বিতরণ

কুষ্টিয়া কেন্দ্রীয় কারাগারের কয়েদি ও হাজতি মহিলাদের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়েছে।

আজ মঙ্গলবার (১২ ডিসেম্বর) সকালে কারাগারে বন্দী ৩৪ জন মহিলা ও মায়েদের সাথে থাকা ৪ জন শিশুদের মাঝে এ শীত বস্ত্র বিতরণ করা হয়।

কুষ্টিয়ায় নারীদের নিয়ে কাজ করা মৌবন পরিচালিত ‘নারী বাতায়ন’ সংস্থার সভাপতি সাফিনা আনজুম জনির উদ্যোগে এসব বস্ত্র বিতরণ করা হয়।

কুষ্টিয়া জেলা কারাগার পরিদর্শন শেষে কয়েদীদের মাঝে এসব শীতবস্ত্র বিতরণ করেন জেলা প্রশাসক মো: এহেতেশাম রেজা।

নারী বাতায়নের এমন মানবিক কর্মকান্ডের ভুয়সী প্রশংসা করে জেলা প্রশাসক বলেন, বন্দীদেরও পরিবার রয়েছে। অথচ এই কারাগারে থাকার কারনে অনেক সময় অনেক কিছু থেকে বঞ্চিত হয়ে থাকে। ঠিক শীতের শুরুর এই সময়ে আজকের দেওয়া এই শীতবস্ত্র তাদের অনেকটা শীতের কষ্ট লাঘব করবে।

কারাগার পরিদর্শনকালে তিনি জেলে আটক কয়েদিদের খোঁজ-খবর নেন এবং তাদের শৃংখলা মেনে সুন্দর জীবনে ফিরে আসার আহ্বান জানান।

এসময় জেল সুপার আঃ বারেক, জেলার আবু মুছা, জেলা সমাজসেবা অধিদপ্তরের সহকারী পরিচালক মোহাম্মদ মুরাদ হোসেন, জেলা মহিলা বিষয়ক অফিসার নুরে সফুরা ফেরদৌস, দিশার সহকারী পরিচালক এম আর ইসলাম,ব্লাষ্টের সমন্বয়কারী এ্যাড. শংকর মজুমদার, নারী বাতায়নের কর্মকর্তা এসএম জামাল, মৌবন মাশালার সুপারভাইসার এমদাদ হোসেন সহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন।

কুষ্টিয়ায় পরিবহন মালিক শ্রমিক ঐক্য পরিষদের মতবিনিময় সভা হানিফ

কুষ্টিয়াকে উন্নত এবং আধুনিক জেলা হিসেবে গড়ে তুলতে চাই বলে জানিয়েছেন আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক মাহবুব-উল আলম হানিফ এমপি।

তিনি বলেন, শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ যেভাবে বিশ্বের বুকে উন্নয়নের রোল মডেল হিসেবে পরিচিত। ঠিক তেমনি করে কুষ্টিয়াকে উন্নত এবং আধুনিক জেলা হিসেবে প্রতিষ্ঠিত করতে চাই। সন্ত্রাস-দারিদ্রমুক্ত উন্নত আধুনিক কুষ্টিয়া গড়ে তোলাই আমার লক্ষ্য।

আজ মঙ্গলবার বিকেলে কুষ্টিয়া জেলা বাস মিনিবাস মালিক গ্রুপ কার্যালয়ে কুষ্টিয়া জেলা পরিবহন মালিক শ্রমিক ঐক্য পরিষদ আয়োজিত মত বিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।

মাহবুব-উল আলম হানিফ বলেন, আমরা রাজনীতি করি মানুষের কল্যাণের জন্য, শান্তির জন্য। এই জনপদের মানুষ আমাকে নির্বাচিত করেছিলেন। নির্বাচিত হওয়ার পর অবহেলিত কুষ্টিয়াকে কিছুটা হলেও এগিয়ে নিয়ে যাওয়ার চেষ্টা করেছি। কুষ্টিয়াকে ঘিরে আমার অনেক পরিকল্পনা ছিল কিন্তু লক্ষ্যে পুরোপুরি পৌঁছাতে পারিনি।

তিনি আরও বলেন, বাসে আগুন লাগিয়ে মানুষ পুড়িয়ে হত্যা করা এটি জঘন্যতম গণহত্যার শামিল। বিএনপি হরতাল অবরোধের ডাক দিলেও পরিবহন মালিক, শ্রমিক ঐক্য পরিষদের সমন্বয়ে এসব যানবাহন চলাচল করে যাচ্ছে। যানবাহন চলাচল না করলে জনগণের ভোগান্তি হয়, মালিক শ্রমিকের ক্ষতি হয় তাই এসব পরিহার করে সকলকে ঐক্যবদ্ধ হওয়ার আহবান জানান।

কুষ্টিয়া জেলা বাস মিনিবাস মালিক গ্রুপের সভাপতি মোঃ আকতারুজ্জামানের সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক হাসান আবুল ফজল সেলিমের সঞ্চালনায় বক্তব্য রাখেন, কুষ্টিয়া জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আজগর আলী, সিনিয়র সহসভাপতি হাজী রবিউল ইসলাম, সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান আতাউর রহমান আতা, জেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক এ্যাড. শেখ হাসান মেহেদী, যুব ও ক্রীড়া সম্পাদক খন্দকার ইকবাল মাহমুদ, জেলা বাস মালিক সমিতির সাবেক কার্যকরী সভাপতি আতাহার আলী, জেলা ট্রাক মালিক সমিতির সাধারন সম্পাদক নরেন্দ্রনাথ সাহা, সহ সভাপতি আশরাফ উদ্দিন নজু, নির্বাহী সদস্য রুহুল আমিন, জেলা বাস- মিনিবাস মালিক সমিতির সভাপতি মকবুল হোসেন লাবলু, জেলা মোটরশ্রমিক ইউনিয়নের সভাপতি মাহবুব আলম, জেলা ট্রাক শ্রমিক ইউনিয়নের সাধারণ সম্পাদক ওমর ফারুক প্রমুখ।

কুষ্টিয়া উন্নয়নের রুপকার, সদর আসনের সংসদ সদস্য জননেতা মাহবুব উল আলম হানিফের দৃশ্যমান উন্নয়নের চিত্র তুলে ধরে জেলা ট্রাক মালিক সমিতির সহ সভাপতি আশরাফ উদ্দিন নজু বলেন, আমাদের জননেতা

কুষ্টিয়ার উন্নয়নের রুপকার মাহবুব উল আলম হানিফ এমপি হওয়ার পর এ জেলার আমুল পরিবর্তন হয়েছে। এ জেলায় ট্রাক টার্মিনাল না থাকায় আগামীতে ট্রাক টার্মিনালের নির্মাণের অনুরোধও জানান তিনি।

কুষ্টিয়ায় অবৈধ গুড় কারখানায় অভিযান: মালিকের জরিমানা

কুষ্টিয়ার ভেড়ামারায় বিভিন্ন কেমিক্যাল দিয়ে গুড় প্রস্তুত করার সময় একটি গুড় কারখানায় অভিযান চালিয়ে ৩০ হাজার টাকা জরিমানা করা হয়েছে। একইসাথে ৫৬ টিন গুড় ধ্বংস করা হয়েছে।

আজ সোমবার উপজেলার বাহাদুরপুর ইউনিয়নে মালিপাড়া বাঁশেরদিয়াড় গ্রামে আব্দুল গণির গুড়ের কারখানায় যৌথভাবে অভিযান পরিচালনা করেন ভেড়ামারা উপজেলা নির্বাহী অফিসার আকাশ কুমার কুন্ডু ও কুষ্টিয়া জেলার জাতীয় ভোক্তা অধিকার কর্মকর্তা সহকারী পরিচালক সুচন্দন মন্ডল

জেলা জাতীয় ভোক্তা অধিকার অধিদপ্তরের সহকারী পরিচালক সুচন্দন মন্ডল জানান, খাবার অযোগ্য বিভিন্ন ধরনের কেমিক্যাল দিয়ে গুড় প্রস্তুত করার অপরাধে কারখানা মালিক আব্দুল গনিকে ৩০ হাজার টাকা জরিমানা করা হয়। একই সাথে ৫৬ টিন গুড় ধ্বংস করা হয়েছে। অবৈধ প্রক্রিয়ায় পণ্য উৎপাদন বা প্রক্রিয়াকরণ মানুষের জীবন বা স্বাস্থ্যের জন্য ক্ষতি হয় এমন কোন প্রক্রিয়া যা কোন আইন বা বিধির অধীন নিষিদ্ধ করা হয়েছে। এই নিম্নমানের গুড় তৈরি যারা করছে তাদের বিরুদ্ধে এই অভিযান চলমান থাকবে বলেও জানান তিনি।

ভেড়ামারা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাক্তার নুরুল আমিনের সঙ্গে কথা বললে তিনি জানান, নিম্নমানের গুড় তৈরি করার সময় যেসব কেমিক্যাল যেমন ফিটকির, ডালডা, খাইসোডা,রং, হাইড্রোজ,ব্যবহার করছে যা মানব দেহের জন্য চরম ক্ষতিকর ছাড়াও কিডনি ড্যামেজসহ মানবদেহের ভিন্ন রোগ দেখা দিতে পারে।

আসন ভাগাভাগি নিয়ে ১৪ দলীয় জোটে কোন অসন্তোষ নেই: হানিফ

আসন ভাগাভাগি নিয়ে ১৪ দলীয় জোটে কোন অসন্তোষ নেই বলে জানিয়েছেন আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক মাহবুবউল আলম হানিফ এমপি।

হানিফ এমপি বলেন, নিয়মিত বৈঠক চলছে, খুব দ্রুত আসন ভাগাভাগির বিষয়টি নিষ্পত্তি হবে এবং জোটের শরীক দলের প্রার্থীরা নৌকা প্রতীক নিয়েই ভোট করবে। এছাড়াও আসন বন্ঠনের বাইরেও ১৪ দলীয় জোটের প্রার্থীরা কোথাও দলীয় প্রতীক নিয়ে নির্বাচন করতে চান সেটাও তারা পারবেন। ‘তবে ১৪ দলীয় জোটের প্রার্থীরা তাদের আসনে আওয়ামী লীগের স্বতন্ত্র প্রার্থী চান না’ এমন প্রশ্নে হানিফ বলেন, ওইসব আসনে স্বতন্ত্র প্রার্থীকে আছে না আছে সে বিষয়ে কথা বলার সময় এখনও আসেনি।

সোমবার (১১ডিসেম্বর) দুপুরে কুষ্টিয়া জেলা শিল্পকলা অডিটোরিয়ামে (১১ ডিসেম্বর) কুষ্টিয়া মুক্ত দিবসের আলোচনায় অংশ নেওয়ার আগে সাংবাদিকদের প্রশ্নের জবাবে মাহবুবউল আলম হানিফ এসব কথা বলেন।

এসময় অপর এক প্রশ্নের জাবাবে হানিফ বলেন,এ দেশে গুম খুনের রাজনীতি শুরুই করেছিলো বিএনপি। বিএনপি প্রতিষ্ঠাতা জিয়াউর রহমান রাষ্ট্র ক্ষমতা দখল করে গুম খুনের রাজনীতি শুরু করেন। তারা আবার মানবাধিকার লঙ্ঘনের কথা বলে।

হানিফ আরও বলেন, বঙ্গবন্ধুকে স্বপরিবারে হত্যা করার ঘটনা ছিলো সবচেয়ে বড় মানবাধিকার লংঘন। এই নিষ্ঠুর ঘটনার সাথেও জিয়াউর রহমান জড়িত ছিলো। বিএনপির সময়কালে ২৫ থেকে ২৬ হাজার আওয়ামী লীগের নেতাকর্মীকে হত্যা করা হয়েছিলো। সেই বিএনপি নেতাদের মুখে গুম-খুন ও মানবাধিকার লংঘনের অভিযোগ মানায় না। এটা হাস্যকর।

পরে মুক্তিযোদ্ধাদের আয়োজনে কুষ্টিয়া মুক্ত দিবসের আলোচনায় প্রধান অতিথির বক্তব্য রাখেন হানিফ।

এর আগে শহরে কুষ্টিয়া মুক্ত দিবসের র্যালী করে মুক্তিযোদ্ধারা বঙ্গবন্ধুর ম্যূরালে ফুল দেন তারা।

কুষ্টিয়ার করদাতা সম্মাননা পেলেন মডার্ন প্লাইউড’র চেয়ারম্যান

টানা তৃতীয়বারের মতো সর্বোচ্চ করদাতার সম্মান পেলেন কুষ্টিয়ার মডার্ন প্লাইউড অ্যান্ড উড প্রোসেসিং কোম্পানি লিমিটেডের চেয়ারম্যান আকরাম হোসেন বাবু। সর্বোচ্চ মূল্য সংযোজন করদাতা (উৎপাদন খাতে) তৃতীয়বারের মতো তাকে এই সম্মাননা দিয়েছে জাতীয় রাজস্ব বোর্ড।

আজ রবিবার (১০ ডিসেম্বর) কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, সদর দপ্তর, যশোর এ জাতীয় ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ ২০২৩ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রতিষ্ঠানের চেয়ারম্যান আকরাম হোসেন বাবুর হাতে এই সম্মাননা তুলে দেন বেনাপোল কাস্টম হাউজের কমিশনার মোঃ আবদুল হাকিম।

এসময় তিনি বলেন, ‘যাঁরা রাজস্ব আদায় করেন, তাঁদের ভাবতে হবে–কীভাবে জনগণের সঙ্গে সম্পৃক্ততা আরও বাড়ানো যায়, জনগণকে রাজস্ব দিতে উদ্বুদ্ধ করা যায়। সে জন্য কর্মকর্তাদের মানুষের সঙ্গে মিশতে হবে। কর ও ভ্যাট নিয়ে মানুষের মধ্যে একধরনের ভীতি আছে। এই ভীতি কাটাতে হবে।’

কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট যশোরের কমিশনার মোয়াজ্জেম হোসেনের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ট্যুরিজম রিসোর্ট ইন্ডাস্ট্রিস এসোসিয়েশন অব বাংলাদেশ’র প্রতিষ্ঠাতা সভাপতি খবির উদ্দিন আহমেদ।

প্রসঙ্গত, মডার্ন প্লাইউড অ্যান্ড উড প্রোসেসিং কোম্পানি লিমিটেড’র চেয়ারম্যান আকরাম হোসেন বাবু সততার সাথে ব্যবসা পরিচালনা করে তিনি নিজেকে আজ প্রতিষ্ঠা করতে সক্ষম হয়েছেন। এই প্রতিষ্ঠানের উৎপাদিত পণ্য নাম্বার ওয়ান হিসেবে সারা দেশে সমাদৃত। সরকারের রাজস্ব খাতে নিয়মিত ভ্যাট দেওয়ার জন্য তিনি সেরা ভ্যাটদাতার পুরস্কারে ভূষিত হয়েছেন। এই প্রতিষ্ঠানের কারণে আশপাশের অনেক এলাকার মানুষের কর্মসংস্থানের সৃষ্টি হয়েছে। এখানে প্রায় হাজারেও বেশি মানুষ প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে সম্পৃক্ত রয়েছে।

ব্যবসায়ী এ তরুণ উদ্যোক্তা আকরাম হোসেন বাবু বিভিন্ন সামাজিক সংগঠনের সাথে সম্পৃক্ত। মানবকল্যাণে তিনি অসহায় ও সুবিধাবঞ্চিত মানুষের পাশে নিজেকে মেলে ধরেন এবং সবসময় তাদের পাশে সাধ্যমত সাহায্য সহযোগিতার হাত বাড়িয়ে দিয়ে থাকেন।

কুষ্টিয়ায় অসুস্থ গরু জবাই করে বাজারে বিক্রি, কসাইয়ের জরিমানা

কুষ্টিয়া সদর উপজেলায় অসুস্থ গরু জবাই করে তা বাজারে বিক্রির অভিযোগ জুয়েল ইসলাম নামে এক কসাইকে ১০ হাজার টাকা জরিমানা করেছেন ভ্রাম্যমাণ আদালত।

আজ শনিবার সকালে উপজেলার কবুরহাট বাজারে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করে তাকে জরিমানা করা হয়। দণ্ডপ্রাপ্ত কসাই মো: জুয়েল ইসলাম বটতৈল ইউনিয়নের মোঃ আখের আলীর ছেলে।

স্থানীয়রা জানান, রাতের আঁধারে অসুস্থ গরুটি জবাই করে সকালে মাইকিং করে বিক্রি করছিলো। বিষয়টি জানাজানি হলে প্রশাসনকে খবর দেওয়া হয়

ভ্রাম্যমাণ আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট ও সদর উপজেলার সহকারী

কমিশনার (ভূমি) দবির উদ্দিন বলেন, সদর উপজেলার কবুরহাট বাজারে একটি অসুস্থ গরু (এলএসডি) জবাই করে তা বাজারে মাইকিং করে বিক্রি করছিলো কসাই মো: জুয়েল ইসলাম। খবর পেয়ে দ্রুত অভিযুক্ত ব্যবসায়ীর দোকান পরিদর্শনে যাই। সেখানে রোগাক্রান্ত গরুর মাংস বিক্রির সত্যতা পেয়ে কসাইকে ১০ হাজার টাকা জরিমানা করা হয়। একই সাথে মাংস নষ্ট করা হয়েছে। এ ছাড়া কেউ যেন খাওয়ার অনুপযোগী মাংস বিক্রয় না করে, সে বিষয়ে সব ব্যবসায়ীকে কঠোরভাবে নির্দেশ দেয়া হয়েছে।

এ বিষয়ে কয়েকজন ভুক্তভোগী অভিযোগ করে বলেন, কতিপয় কিছু মাংস ব্যবসায়ী প্রায় খাওয়ার অনুপযোগী অসুস্থ পশু জবাই করে মাংস বিক্রি করেন। এসব মাংস বিক্রির জন্য অনেকেই ব্যবসা প্রতিষ্ঠানে কিংবা বাসাবাড়ির ফ্রিজে রাখা হয়। সেগুলো হাটে আবার বিক্রি করা হয়। কিন্তু স্থানীয় সরকারের ইউনিটগুলোর নীরব ভূমিকার কারণে ক্রমশই বেপরোয়া হয়ে উঠছে কিছু অসাধু ব্যবসায়ী। এদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেয়ার দাবি জানিয়েছেন তারা।

উপজেলা প্রাণিসম্পদ অফিসার ডাঃ কিশোর কুমার কুন্ডু বলেন, মাংস ক্রয়ের সময় অবশ্যই পশুর ফিটনেস সার্টিফিকেট দেখে নিতে হবে। সন্দেহ হলে স্থানীয় প্রশাসনকে খবর দেয়ার অনুরোধ রইলো।

কুষ্টিয়ায় আন্তর্জাতিক দুর্নীতিবিরোধী দিবস পালিত

কুষ্টিয়ার জেলা প্রশাসক মো: এহেতেশাম রেজা বলেছেন, আইন করে দুর্নীতি বন্ধ করা সম্ভব নয়। সবাইকে সচেতন হতে হবে, তবেই কেবল দুর্নীতি বন্ধ সম্ভব। তাই যে যার জায়গা থেকে আগামী নতুন প্রজন্মকে নৈতিকতা শিক্ষা দিয়ে আপনার সন্তানকে মানুষের মতো মানুষ করে তুলতে আহবান জানান।

শনিবার (৯ ডিসেম্বর) সকালে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আন্তর্জাতিক দুর্নীতিবিরোধী দিবস উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।

জেলা প্রশাসক বলেন, প্রতিটি মানুষের মধ্যেই দুর্নীতি নিমজ্জিত রয়েছে। সমাজ ও দেশকে দুর্নীতিমুক্ত করতে হলে সবার আগে নিজেকে পরিবর্তন করতে হবে। প্রতিটি মানুষকে জবাবদিহীতার আওতায় আনতে হবে। সমাজ দুর্নীতিমুক্ত করতে হলে কঠোর আইন প্রণয়ন করতে হবে।

তিনি আরও বলেন, যে কোনভাবেই হোক দুর্নীতি রুখতে হবে। মুখে নয়, বুকে সাহস নিয়ে দূর্নীতি রুখতে সকল সরকারী কর্মকর্তাদের এগিয়ে আসতে হবে। তবেই বঙ্গবন্ধুর সোনার বাংলাদেশ গড়ে তোলা সম্ভব হবে।

অনুষ্ঠানে দুর্নীতি দমন কমিশনের সমন্বিত জেলা কার্যালয়ের উপপরিচালক মো. হাফিজুর রহমানের সভাপতিত্বে বিশেষ অতিথির বক্তব্য রাখেন অতিরিক্ত পুলিশ সুপার তারেক জুবায়ের, কুষ্টিয়া জেলা দুর্নীতি প্রতিরোধ কমিটির সভাপতি রেজানুর রহমান খান চৌধুরী মুকুল, সাধারণ সম্পাদক এসএম কাদেরী শাকিল প্রমুখ।

এরআগে ‘উন্নয়ন, শান্তি ও নিরাপত্তার লক্ষ্যে দুর্নীতির বিরুদ্ধে আমরা ঐক্যবদ্ধ’ এ স্লোগানে জেলা প্রশাসকের কালেক্টর চত্বরে জাতীয় পতাকা উত্তোলনের পর বেলুন উড়িয়ে দিবসের উদ্বোধন করা হয়।

জেলা প্রশাসক, দুর্নীতি দমন কমিশন ও জেলা দুর্নীতি প্রতিরোধ কমিটি এর আয়োজন করে।

কুষ্টিয়াতে শ্রমিক লীগনেতা ইউসুফ আলীর স্মরণ সভা অনুষ্ঠিত

কুষ্টিয়া জেলা জাতীয় শ্রমিক লীগের সহ-সভাপতি মরহুম ইউসুফ আলী স্মরণ সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শুক্রবার বিকেলে কুষ্টিয়া আদর্শ কলেজ মোড় মহিলা শ্রমিক লীগের কার্যালয়ে অনুষ্ঠিত স্মরণ সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন জাতীয় শ্রমিকলীগ কেন্দ্রীয় কমিটির কার্যনির্বাহী সদস্য ও কুষ্টিয়া জেলা জাতীয় শ্রমিক লীগের সাধারণ সম্পাদক আলহাজ্ব মোঃ আমজাদ আলী খান।

জেলা জাতীয় শ্রমিক লীগের সহ-সভাপতি মো: জিল্লুর রহমানের সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন মহিলা শ্রমিক লীগের কেন্দ্রীয় কমিটির সহ-সভাপতি মেহেরুন্নেসা বিউটি, জেলা শ্রমিক লীগের সহ-সভাপতি হাফিজুর রহমান, যুগ্ম সাধারণ সম্পাদক মো: পলাশ মিয়া, মুসা আলী খান, হামিদুল ইসলাম, শাহিনুল ইসলাম লেবু, সাংগঠনিক সম্পাদক তরিকুল হাসান মিন্টু, মাহি বিশ্বাস, প্রচার সম্পাদক আব্দুর রশিদ, পুনর্বাসন সম্পাদক সালাউদ্দিন, কুমারখালী থানা কমিটি লীগের সাধারণ সম্পাদক রাশেদুল ইসলাম সাদ্দাম, জেলা যুব শ্রমিক লীগের সদস্য সচিব শরিফুল ইসলাম রিপন, শহর শ্রমিক লীগের সাধারণ সম্পাদক মাহবুবুর রহমান, কুষ্টিয়া সদর উপজেলা শ্রমিক লীগের কার্যকরী সভাপতি বরকত আলি, যুগ্ম সাধারণ সম্পাদক গফফার আলী খানসহ ইউসুফ আলীর পরিবারের সদস্যরা ।

বক্তারা বলেন, ইউসুফ আলী একজন ভালো এবং সৎ মানুষ ছিলেন। শ্রমিক লীগের দীর্ঘ রাজনৈতিক জীবনে তিনি ট্রাক শ্রমিক ইউনিয়নের ১১১৮’র প্রতিষ্ঠাতা নেতা ছিলেন। শ্রমিকদের জন্য তিনি নিবেদিত প্রাণ ছিলেন। শ্রমিক লীগের বিভিন্ন কর্মকান্ডে তার সরব উপস্থিতি এবং বঙ্গবন্ধুর আদর্শ বুকে ধারণ করে জননেত্রী শেখ হাসিনার প্রতি আস্থা রেখে শ্রমিক রাজনীতি করেছেন। তার মৃত্যুতে জেলা শ্রমিক লীগের
যে শুন্যতা তা কখনো পোষাবার নয়।

পরে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। দোয়া পরিচালনা করেন মিললাইন জামে মসজিদের পেশ ইমাম মাওলানা মোঃ মিজানুর রহমান।